



নির্বাচনের সঙ্গে গণভোট আয়োজন ভুল সিদ্ধান্ত: গোলাম পরওয়ার



সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচনের আগে গণভোট দাবি করে গোলাম পরওয়ার বলেন, সরকারের একই দিনে নির্বাচন ও গণভোট আয়োজনের সিদ্ধান্ত 'কুপরামর্শের ফল'। তিনি গেজেট পরিবর্তনের আহ্বান জানিয়ে বলেন, “দেশ কোনো পরিবারের নয়; ১৮ কোটি মানুষের।”

জাগপার মুখপাত্র রাশেদ প্রধান একই দিনে নির্বাচন ও গণভোট আয়োজনকে ‘অভূতপূর্ব ও চ্যালেঞ্জিং’ বলে মন্তব্য করেন। তার দাবি, নির্বাচন কমিশন ঝুঁকি বুঝলেও বিএনপি ও অন্তর্বর্তী সরকার তা উপলব্ধি করছে না।

তিনি আরও অভিযোগ করেন, একটি দল পোস্টার ছেঁড়াসহ সহিংসতায় জড়িত; তবে “বুলেট নয়, জনগণ ব্যালটে জবাব দেবে।” একই সঙ্গে তিনি ১৪ দল নিষিদ্ধের দাবিও তোলেন।

LENS ASIA